

**এইচএসসি পরীক্ষা উপলক্ষে আইনশৃঙ্খলা কমিটির সভা
প্রশ্নের অনেকগুলো সেট ছাপা হবে -শিক্ষামন্ত্রী**

ঢাকা, ২৫ মার্চ ২০১৮

আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা-২০১৮ সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং এবং আইন-শৃঙ্খলা কমিটির এক সভা আজ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী মুরল ইসলাম নাহিদ সভায় সভাপতিত্ব করেন।

সভায় আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে গৃহীত বিভিন্ন ব্যবস্থা নিয়ে আলোচনা হয়। প্রশ্নপত্র বিতরণ, সংরক্ষণ ও পরীক্ষা গ্রহণের সার্বিক প্রস্তুতি এবং প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ানো রোধ, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্ন সরবরাহকারীদের বিরুদ্ধেব্যবস্থা নেয়াসহ সার্বিক বিষয়ে আলোচনা হয়।

সভায় শিক্ষামন্ত্রী আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে শিক্ষক, অভিভাবক ও গণমাধ্যমসহ সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, আমাদের সন্তান তথা ভবিষ্যৎ প্রজন্ম যাতে বিপথগামী না হয়, সেজন্য সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। অভিভাবকদের আরো সচেতন হতে হবে।

শিক্ষামন্ত্রী বলেন, প্রশ্নের অনেকগুলো সেট ছাপা হবে। কত সেট প্রশ্ন ছাপা হবে কেউ জানবে না। সকল শিক্ষার্থীকে পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে অবশ্যই তাদের নিজ নিজ আসনে বসতে হবে। ৩০ মিনিট আগে নিজ নিজ আসনে বসা বাধ্যতামূলক। অনিবার্য কারনে কেউ দেরিতে আস্লে রেজিস্টারে তার নাম-ঠিকানা, রোল নম্বর নিবন্ধন করে পরীক্ষা কেন্দ্রে চুক্তে হবে।

তিনি আরো বলেন, প্রশ্ন ফাঁস বা ফাঁসের গুজবের কার্যক্রম দেখে প্রতীয়মান হয়, তাদের লক্ষ্য সরকার, শিক্ষা মন্ত্রণালয় ও বর্তমান ব্যবস্থাকে বিতর্কিত করা। এর মধ্যে পরিকল্পিত উদ্দেশ্য রয়েছে।

সভায় জানানো হয়, আগামী ০২ এপ্রিল পরীক্ষা শুরু হয়ে ১৪ মে পর্যন্ত পরীক্ষা চলবে। ৩০ দিন পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং এর ব্যাপ্তিকাল ৪৩ দিন। সকল বোর্ডে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৮টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ১টি কারিগরি শিক্ষা বোর্ড ও ১টি মাদরাসা শিক্ষা বোর্ডের মাধ্যমে পরীক্ষা পরিচালিত হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন জানান, পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে কোন সেটে পরীক্ষা নেয়া হবে, তা পরীক্ষা কেন্দ্রগুলোকে জানানো হবে।

সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর মাহাবুবুর রহমান, বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানগণ, মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্ত্তব্যন্দি এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কেবিনেট ডিভিশন, বিটিআরসি, পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনীর উর্ধ্বতন কর্মকর্ত্তাসহ সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্ত্তাগণ উপস্থিত ছিলেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষামন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯